গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মধুখালী, ফরিদপুর
(www.madhukhali.faridpur.gov.bd)

নম্বর: ০৫.১২.২৯৫৬.০০০.০৬.০০১.২৪-৫৯০/১

তারিখ ঃ ২১ জৈষ্ঠ্য ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর এর জুন/২০২৪ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোহাম্মদ মুরাদুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর

সভার তারিখ ও সময় ঃ ০৪/৬/২০২৪ খ্রিঃ, সকাল ১১.০০ টা

স্থান ঃ মধুখালী উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" তে দেখানো হলো

উপস্থিত নবনির্বাচিত চেয়ারম্যান মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানিয়ে সভার শূভ সূচনা হয়। উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে উপস্থিত সকল সদস্যগণের পরিচয় পর্বের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী কার্যক্রম শুরু করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ জানানো হয়।

১। **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

উপজেলা পরিষদের বিগত মাসের সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যপত্র ও অন্যান্য তথ্যাদি প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়।

২। **আলোচ্য বিষয় ঃ উপজেলার বিভিন্ন অফিস/দপ্তর/বিভাগের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অত্র উপজেলা পরিষদের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত সকল বিষয়ে সভায় আলোচনা উপস্থাপন করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বর্তমান ৩১ বেডে আছে। দ্রুতই ৫০ বেডে রূপান্তরিত হবে এবং অচিরেই মাননীয় মন্ত্রী মহোদয়ের উদ্যোগে ১০০ বেডে উন্নীত করা হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার মধুখালী, ফরিদপুর
০২	**উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান সার ও বীজ সরবরাহের ব্যাপারে কৃষি বিভাগ যথেষ্ট উদ্যমী। স্টকে যথেষ্ট সার রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার মধুখালী, ফরিদপুর
০৩	**উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, সামনে ঈদ-উল আযহা। প্রায় ১৫৬৩১ টি পশু প্রস্তুত আছে। এর মধ্যে ২০টি দুম্বা আছে। পশু হাটগুলোতে পর্যবেক্ষক টিম থাকবে। সঠিকভাবে সুস্থ্য পশু পর্যবেক্ষণ করা হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার মধুখালী, ফরিদপুর
০৪	**উপজেলা মৎস্য বিভাগ ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানানা যে, দাপ্তরিক কার্যক্রম ভালো চলছে। তিনি সকল চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে বলেন কোন ইউনিয়নে যদি কোন জলাশয় (বিল) তালিকা থেকে বাদ পড়ে তাহলে অফিসে এসে সেই বিলের নাম লিপিবদ্ধ করার অনুরোধ জানান। একই সাথে কোন জেলে মৎস্যজীবী নিবন্ধন থেকে বাদ পড়লে তাদের নামও লিপিবদ্ধ করার অনুরোধ করেন।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মধুখালী, ফরিদপুর

০৫	**উপজেলা শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ ইউনিয়ন পর্যায়ে শুরু হয়েছে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে চলেছে ।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার মধুখালী, ফরিদপুর
০৬	**উপজেলা জনস্বাস্থ্য বিভাগ ঃ** সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, এডিপির অর্ন্তভূক্ত কাজগুলো সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। বিভাগীয় ও অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) মধুখালী, ফরিদপুর
০৭	**উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, মধুখালীতে CVDP Progamme চালু রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মধুখালী, ফরিদপুর
০৮	**উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মা ও শিশু সহায়তা কার্যক্রম ১০০% বাস্তবায়ন হয়েছে। তিনি সুবিধাভোগীদেরকে সঠিকভাবে একাউন্ট নাম্বার দিতে অনুরোধ করেন। ইউএনও মহোদয়ের মাধ্যমে সকল ইউপি চেয়ারম্যানের অনুরোধ করেন যেন সচিবদের মাধ্যমে বিকাশ একাউন্ট ভেরিফাই করা হয়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
০৯	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, স্যাটেলাইট ক্লিনিকগুলোর জন্য ফার্ণিচার ক্রয় করা প্রয়োজন। তিনি বলেন মধুখালীতে ৪০টি স্যাটেলাইট ক্লিনিক রয়েছে। ক্লিনিকগুলোর জন্য ৪০টি ফোল্ডিং টেবিল এবং ২০০টি প্লাস্টিকের চেয়ার প্রয়োজন। এ বিষয়ে ইউএনও মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা পরিবার পরিকল্প অফিসার মধুখালী, ফরিদপুর
১০	**উপজেলা নির্বাচন বিভাগঃ** উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান যে, সমালোচনা ছাড়াই উপজেলা পরিষদ নির্বাচন সম্পন্ন হয়েছে। এজন্য সকলের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। ভোটার মাইগ্রেশন কাজ ব্যাহত হচ্ছে। ০৯ জুন থেকে নতুন ভোটার তালিকা কার্যক্রম শুরু হবে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাচন অফিসার মধুখালী, ফরিদপুর
১১	**উপজেলা তথ্য অধিদপ্তরঃ** উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, সারাদেশে ৫৫৫টি জয়.ডি.সেট কার্যক্রম চলমান রয়েছে। ১,১১,৬৬৯ টি সরকারি অফিসে ইন্টারনেট সংযোগ দেওয়া হবে। মধুখালী উপজেলায় ১৮৫টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ দেওয়া হয়েছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সহকারী প্রোগ্রামার মধুখালী, ফরিদপুর
১২	**উপজেলা বিদ্যুৎ বিভাগ** আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) জানান যে, নতুন বিদ্যুৎ উপকেন্দ্র চালু হয়েছে। বিদ্যুৎ লাইনের নিচে গাছ-পালা রোপন না করার জন্য অনুরোধ করেন। সকল দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করতে অনুরোধ করেন।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) মধুখালী, ফরিদপুর
১৩	**উপজেলা ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স বিভাগঃ** স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস জানান রাস্তায় যানজট থাকার কারণে অগ্নিকান্ডের স্থানে যাওয়া কষ্টসাধ্য। রাস্তা প্রশস্থ করার জন্য অনুরোধ করেন ।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স মধুখালী, ফরিদপুর
১৪	**উপজেলা পল্লী ও দারিদ্র বিমোচন বিভাগ** উপজেলা পল্লী ও দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা পল্লী ও দারিদ্র বিমোচন অফিসার মধুখালী, ফরিদপুর

১৫	**উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি দপ্তরের কর্ম দক্ষতা ও স্বচ্ছতা সুন্দর করার প্রত্যয় ব্যক্ত করেন।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার মধুখালী, ফরিদপুর
১৬	**উপজেলা বন বিভাগ** উপজেলা বন কর্মকর্তা জানান বিগত কয়েক বছরের চারা উত্তোলনের কাজ ব্যাহত ছিল। ইউএনও মহোদয়ের সহায়তায় কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। ডরমেটরী ভবনের বিপরীত পাশে বন বিভাগের জায়গা নির্ধারণের জন্য ইউএনও মহোদয়কে অনুরোধ করেন।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা বন কর্মকর্তা মধুখালী, ফরিদপুর
১৭	**উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা বিভাগা জানান যে, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতার জন্য মোট ৭৪০১টি আবেদন পাওয়া গেছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ভাতা প্রদান করা হবে। এছাড়া ১০০টি হুইল চেয়ারের ব্যবস্থা আছে। কিন্তু আবেদন পাওয়া গেছে ১৫৬টি। আবেদন যাচাই-বাছই শেষে হুইল চেয়ার বিতরণ করা হবে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা মধুখালী, ফরিদপুর
১৮	**গ্রাম আদালত বিভাগঃ** উপজেলা কো-অর্ডিনেটর, জানান যে, কার্যক্রম ভালো চলছে। উপযুক্ত প্রত্যয়ন দিয়ে গ্রাম আদালতে মামলা নিস্পত্তি করতে অনুরোধ জানান। তিন লক্ষ টাকার মধ্যে অভিযোগ স্ব স্ব পরিষদে পাঠানের অনুরোধ করেন।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা কো-অর্ডিনেটর মধুখালী, ফরিদপুর
১৯	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ঈদ-উল-আযহা উপলক্ষে ভিজিএফ এর বরাদ্দ পাওয়া যায়নি। মধুখালী উপজেলায় মোট ২৭৯২ টি ভিজিএফ কার্ড আছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মধুখালী, ফরিদপুর
২০	**উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানায় যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি) মধুখালী, ফরিদপুর

ক) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প-ইউজিডিপি (JICA) ঃ

উপজেলা প্রকৌশলী জনাব মোঃ সোহেল রানা সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (JICA) এর আওতায় প্যাকেজ নং INF6-2021-22-302956-01 (e-GP Tender ID No: 887514) এর মাধ্যমে ফরিদপুর জেলার মধুখালী উপজেলার কামারখালি বাজারে সেড নির্মাণকাজ গত ০২/০৬/২০২৪ ইং তারিখে সমাপ্ত হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স লরিন এন্টারপ্রাইজ, ৫৮/৬০ নর্থ ব্রুক হল রোড, ঢাকা গত ০৪/০৬/২০২৪ ইং তারিখে কাজের বিল বাবদ ভ্যাট ও আয়করসহ ২৯,৩৯,২২৫/- (উনত্রিশ লক্ষ উনচল্লিশ হাজার দুইশত পঁচিশ মাত্র) টাকা পাওয়ার জন্য আবেদন করেন। সভায় আরও জানানো হয় যে, ইতোমধ্যে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ইউডিএফ নির্মাণকাজটি সরেজমিনে পরিদর্শন করেন এবং কাজটির গুণগতমান সন্তোষজনক হওয়ায় কাজ সমাপ্তির প্রতিবেদন প্রদান করেন।

সিদ্ধান্ত ১. ঃ সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং প্যাকেজ নং- INF6-2021-22-302956-01 (e-GP Tender ID No: 887514) এর বিল বাবদ ভ্যাট ও আয়করসহ ২৯,৩৯,২২৫/- (উনত্রিশ লক্ষ উনচল্লিশ হাজার দুইশত পঁচিশ মাত্র) টাকার বিল ইউজিডিপি প্রধান কার্যালয় থেকে অনুমোদন সাপেক্ষে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স লরিন এন্টারপ্রাইজকে প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (JICA) এর আওতায় প্যাকেজ নং INF6-2021-22-302956-02 (e-GP Tender ID No: 887516) এর মাধ্যমে ফরিদপুর জেলার মধুখালী উপজেলার কোরকদি ইউনিয়নের খোদাবাসপুর গ্রামে (প্রাইমারী স্কুলের পাশে) ঘাটলা নির্মাণকাজ গত ২৭/০৩/২০২৪ ইং তারিখে সমাপ্ত হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান আল আমিন ট্রেডার্স, মধুখালী বাজার, মধুখালী ফরিদপুর গত ২৪/০৪/২০২৪ ইং তারিখে কাজের বিল বাবদ ভ্যাট ও আয়করসহ ১০,৮৩,১২০/- (দশ লক্ষ তিরাশি হাজার একশত বিশ মাত্র) টাকা পাওয়ার জন্য আবেদন করেন। তিনি আরও জানান যে, ইতোমধ্যে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ইউডিএফ নির্মাণকাজটি সরেজমিনে পরিদর্শন করেন এবং কাজটির গুণগতমান সন্তোষজনক হওয়ায় কাজ সমাপ্তির প্রতিবেদন প্রদান করেন।

সিদ্ধান্ত ২. ঃ সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং প্যাকেজ নং- INF6-2021-22-302956-02 (e-GP Tender ID : 887516) এর বিল বাবদ ভ্যাট ও আয়করসহ ১০,৮৩,১২০/- (দশ লক্ষ তিরাশি হাজার একশত বিশ মাত্র) টাকার বিল ইউজিডি প্রধান কার্যালয় থেকে অনুমোদন সাপেক্ষে ঠিকাদারী প্রতিষ্ঠান আল আমিন ট্রেডার্সকে প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২১) চেয়ারম্যান, বাগাট ইউপি সভায় বাগাট ইউনিয়নে ডিপ টিউবওয়েলের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।

২২) চেয়ারম্যান, কামারখালী ইউপি সভায় জানান কামারখালী হাটের ইজারার টোল আদায় নিয়ে সমস্যা হচ্ছে। টোল রেট অনেক বেশি। রেট কমানোর অুনরোধ করেন।

২৩) চেয়ারম্যান, নওপাড়া ইউপি সভায় জানান তার এলাকায় নদী ভাঙন সমস্যা রয়েছে। তারাপুর ঘাট থেকে নওপাড়া বাজার পর্যন্ত নদী ভাঙন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

২৪) চেয়ারম্যান, জাহপুর ইউপি সভায় জানান বিদ্যুৎ বিল নিয়ে অভিযোগ রয়েছে। সমস্যা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ প্রয়োজনে বাড়ি বাড়ি গিয়ে বিদ্যুৎ বিলের রিডিং জানানোর অনুরোধ করেন।

২৫) ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ প্রতি দুই মাস পর স্থায়ী কমিটির রেজুলেশন দিতে অনুরোধ করেন।

ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্বচ্ছ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এজন্য সকলকে ধন্যবাদ জানান। নতুন পরিষদের শুভ সূচনা হয়েছে। স্মার্ট মধুখালী গড়ার প্রত্যয় ব্যক্ত করেন এবং চেয়ারম্যান প্যানেল গঠনের বিষয়ে সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮(২০১১ পর্যন্ত সংশোধিত) এর ধারা ১৫(৩) অনুযায়ী মধুখালী উপজেলা পরিষদের নব নির্বাচিত চেয়রম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় এবং সভায় উপস্থিত সকল সদস্যদের সম্মতিক্রমে নিম্লোক্তভাবে চেয়ারম্যান প্যানেল গঠন করা হয়:

ক্রমিক নং	চেয়ারম্যান প্যানেল
০১	জনাব মোহম্মদ মুহসিন বিশ্বাস, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর
০২	জনাব মোর্শেদা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর

(খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন শিক্ষা ক্ষেত্রে দুর্বলতা রয়েছে। শিক্ষা ও স্বাস্থ্য খাতের উদ্যোগ গ্রহণসহ বিনিয়োগ বৃদ্ধির প্রত্যয় ব্যক্ত করেন। নদী ভাঙনের সম্মুখীন শিক্ষা/প্রতিষ্ঠান/মসজিদ/মন্দির/ঘর বাড়ীর তালিকা জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত ডরমেটরী ভবন উন্নয়নের প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বলেন গ্রাম পুলিশদের বেতন ভাতা নির্বাহের জন্য ভূমি উন্নয়ন করের হস্তান্তরের ১% তহবিলে যথেষ্ট অর্থ জমা নাই। যেহেতু, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী ইউনিয়ন পরিষদ সচিব ও গ্রাম পুলিশদের বেতন ভাতা নির্বাহের কথা উল্লেখ রয়েছে, সেহেতু উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত বেতন নির্বাহ করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন। বাল্য বিবাহের ব্যাপারে সবাইকে সচেতন থাকতে অনুরোধ করেন। ঈদ-উল-আযহাকে সামনে রেখে খামরীদেরকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সাথে যোগাযোগ রাখতে অনুরোধ করেন। আগামী অর্থ বছর থেকে সবাই যেন আরো বেশি করে ভালো কাজ করে মধুখালীকে আরো সুন্দর, উন্নত ও স্মার্ট মধুখালী গড়ার আশাবাদ ব্যক্ত করেন।

গ) জনাব মোহাম্মদ মুরাদুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর সভায় উপস্থিত সকলকে সালাম জানান। একটি সুষ্ঠু ও সুন্দর নির্বাচন করার জন্য তিনি উপজেলা প্রশাসন ও মধুখালী থানাকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং নির্বাচন কমিশনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলে মিলেমিশে কাজ করে স্মার্ট মধুখালী গড়ার আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন মধুখালী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ধ্বংসের পথে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ব্যাপারে সকলে মিলে উদ্যোগ গ্রহণ করতে হবে। সকল দপ্তরের কাজ যাতে সুন্দরভাবে সম্পন্ন হয় সেই জন্য সার্বিক সহযোগিতার ব্যাপারে আশ্বস্ত করেন। সকলকে একসাথে কাজ করে স্মার্ট মধুখালী গড়ার আশাবাদ ব্যক্ত করেন। সবাইকে ঈদ-উল-আযহার অগ্রিম শুভেচ্ছা জ্ঞাপন করে সবাইকে ধন্যবাদ জানান।

সভায় সম্মানিত সকল সদস্যকে সুষ্ঠুভাবে স্ব-স্ব দপ্তরের কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানিয়ে ও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/৬/২৪

(মোহাম্মদ মুরাদুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মধুখালী, ফরিদপুর

নম্বর: ০৫.১২.২৯৫৬.০০০.০৬.০০১.১৬-৫৯০/১ (৪০)

তারিখ ঃ ২১ জৈষ্ঠ্য ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৪। জেলা প্রশাসক, ফরিদপুর

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর
২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর
৩। উপজেলা ....অফিসার, মধুখালী, ফরিদপুর
৪। চেয়ারম্যান, ...ইউপি, মধুখালী, ফরিদপুর

০৪/০৬/২০২৪

(মামনুন আহমেদ অনীক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মধুখালী, ফরিদপুর।